



রাত ২ টা এমন সময় ফোন টা বেজে উঠল । আসিফের ঘুমটা ভেগে গেল ।আর মনের মধ্যে ধপ করে উঠল । ও যানে এই ফোন রুনা করেছে ।

আসিফ আর রুনা একে অপরকে খুব ভালবাসতো । ভালবাসার শুরুটা হয়েছিল রুনার থেকে ।কিন্তু তার চঞ্চলটা আর সরলতা দেখে আসিফ ও তাকে ভালবেসে ফেলে । এভাবে ২ বছর কেটে যায় ।রুনার বাবা তার বিয়ে ঠিককরে রুনার আপত্তি সন্তেউ ।রুনা আসিফ কে জানাই ব্যাপারটা । কিন্তু আসিফ জানাই এই সময় সে কিছু করতে পারবে না তার বড় ভাই এর এখন ও বিয়ে হয়নি আর সে এমন কিছু করবেনা যার জন্য তার পরিবারের কোন অসম্মান হয় ।তাছাড়া সে এমন কিছু উপার্জনও করেনা যে এখন বিয়ের কথা ভাবা যায় ।

রুনা জানতে চাইল সে কি করবে ।আসিফ বলল আমার কিছু করার নেই তুমি তোমার আক্সুকে বুঝাও ভালো করে ।

কয়েকদিন পর রুনা আবার আসিফ এর কাছে যায় অনেক আশা নিয়ে ।তাকে জানায় তার আক্সু মানছে না সামনে সপ্তাহে বিয়ে ঠিক করেছে ।এখন তুমি কি বল ।

আসিফ বলল আমি আগে যা বলেছি তাই আমার কিছু করার নেই ।তুমি বিয়ে কর নতুন জীবন শুরু কর এতে তোমার ভালো হবে ।রুনা আর কিছু বলেনি ওখান থেকে চলে আসে ।

তারপর ৯দিন পর রাত ২ টাই ফোন আসে আসিফের কাছে ।রুনার নাম্বার আসিফ ফোন ধরে হ্যালো বলে ওপার থেকে রুনা বলে কাল আমার বাসর রাত হয়েছে আমি তোমার কথা মত নতুন জীবন শুরু করেছি ।একথা বলে ফোন টা কেটে দিল আসিফ কল করল কিন্তু ফোন বন্ধ । এর পর ২ বছর পর আবার রাত ২ টাই ফোন আসে আগের মতই রুনা বলে কাল রাতে আমার ছেলে হয়েছে ।কথা শেষ ফোন বন্ধ ।এবার ৪ বছর পর রুনা জানাল তার মেয়ে হয়েছে । তারপর ১৩ বছর পর এই ফোন ।এর মধ্যে আসিফ ও বিয়ে করেছে ৭ বছর হল ।আসিফ ফোন টা ধরে হ্যালো বলল ওপার থেকে একটা শুকনা কাতর কণ্ঠ যেটা রুনার বলে উঠল আজ আমি শেষ বার এর মত তোমার কাছে ফোন করেছি কারন আমার স্বামী কাল দুর্ঘটনাই মারা গেছে । আর তুমি হয়ত ভাব আমি মাঝে মাঝে তোমাকে কেন ফোন করি ।কারন একটাই তুমি চেয়েছিলে আমি সুখি হই তাই আমার জিবনে যখন সুখের শুরু হয়েছে তখন ই আমি তোমাকে জানিয়েছি ।কিন্তু আজকের পর আর তোমারা আমার মধ্যে যে সিঁড়ি ছিল সেটা শেষ হয়ে গেছে তাই আর কোন সুখ নেই আমার জিবনে আর বলার ও কিছু নেই ।তুমি খুব ভাল থেকে ।আল্লাহ হাফেজ ।

এরপর আর কখনও রাত ২ টাই আসিফ এর ফোন বেজে ওঠেনি ।